

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নং- ৪৬. ০০. ০০০০. ০৩৯. ০১৮. ০০৩. ২০২০- ১১১০

তারিখঃ ০৮ অগ্রহায়ণ ১৪২৭
২৩ নভেম্বর ২০২০

বিষয়ঃ জাতীয় হাম-রুবেলা (এমআর) টিকাদান ক্যাম্পেইন-২০২০ সফল করার জন্য সহযোগিতা প্রদান।

সূত্রঃ স্বাস্থ্য সেবা বিভাগের ১৮ নভেম্বর ২০২০ তারিখের ৪৫.০০.০০০০.১৭১.৭০.০০১.২০/৪০৪ নং
আধা-সরকারি পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে স্বাস্থ্য সেবা বিভাগ হতে প্রাপ্ত আধা-সরকারী পত্রটি এ সাথে প্রেরণ করা হল। উক্ত আধা-সরকারী পত্রের নির্দেশনা মোতাবেক আগামী ০৫ ডিসেম্বর ২০২০ হতে ১৪ জানুয়ারি ২০২১ পর্যন্ত ৬ সপ্তাহব্যাপী 'জাতীয় হাম-রুবেলা টিকাদান ক্যাম্পেইন-২০২০' সার্বিকভাবে সফল করার নিমিত্ত জাতীয় এই গুরুত্বপূর্ণ কার্যক্রমে সর্বাঙ্গিক সহযোগিতা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী
উপসচিব
ফোন- ৯৫৭৫৫৭৩
e-mail: lgadmin1@lgd.gov.bd

বিতরণঃ

- ১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
- ২। মহাপরিচালক, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট, ঢাকা/রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন, স্থানীয় সরকার বিভাগ।
- ৩। প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
- ৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন/ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ৫। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা/চট্টগ্রাম ওয়াসা/খুলনা ওয়াসা/রাজশাহী ওয়াসা।
- ৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, গাজীপুর/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/নারায়নগঞ্জ/কুমিল্লা/রংপুর/ময়মনসিংহ সিটি কর্পোরেশন।
- ৭। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ।
- ৮। উপজেলা নির্বাহী কর্মকর্তা, উপজেলা, জেলা।
- ৯। মেয়র, পৌরসভা।
- ১০। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ, উপজেলা....., জেলা.....।

অনুলিপিঃ

- ১। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।



স্থানীয় সরকার বিভাগ সিনিয়র সচিবের দপ্তর	
১) অতিরিক্ত সচিব	১) প্রশাসন
২) মহাপরিচালক	২) নগর উন্নয়ন
৩) যুগ্মসচিব ৫৫১	৩) উন্নয়ন
৪) যুগ্মসচিব (পরিকল্পনা)	৪) পানি সরবরাহ (পাস)
	৫) উপজেলা অধিশাখা
	৬) ইউপি অধিশাখা
	৭) অডিট অধিশাখা
	৮) আইন অধিশাখা
জন্ম তারিখ: ২১/১১/২০২০	স্বাক্ষর

সচিব
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ডি.ও.নং-৪৫.০০.০০০০.১৭১.৭০.০০১.২০/ ৪০৪

তারিখঃ

২৮ নভেম্বর-২০২০ খ্রিস্টাব্দ

০৩ অগ্রহায়ণ-১৪২৭ বঙ্গাব্দ


সি.ই. মাহেদুল,

আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানাচ্ছি যে, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়-এর অধীন সম্প্রসারিত টিকাদান কর্মসূচি (ইপিআই) ১৯৭৯ সাল থেকে শিশুদের বিভিন্ন সংক্রামক রোগজনিত মৃত্যু ও পঞ্জুত্বের হার কমিয়ে আনার লক্ষ্যে সারাদেশে টিকাদান কর্মসূচি পরিচালনা করে আসছে। ইপিআই-এর অন্যান্য লক্ষ্যসমূহের মধ্যে ২০২২ সাল নাগাদ জাতীয় পর্যায়ে হাম- রুবেলা (এমআর) টিকার কভারেজ শতকরা ৯৫ ভাগে উন্নীতকরণ এবং ২০২৩ সাল নাগাদ হাম-রুবেলা দূরীকরণ অবস্থা অর্জন অন্যতম। হাম-রুবেলা রোগ ও এর জটিলতা থেকে রক্ষা পাবার সর্বোৎকৃষ্ট উপায় হল সঠিক সময়ে শিশুকে হাম- রুবেলা (এমআর) টিকা প্রদান করা। নিয়মিত টিকাদান কর্মসূচিতে শিশুদেরকে ৯ মাস ও ১৫ মাস বয়সে মোট ২ ডোজ এমআর টিকা প্রদান করা হয়ে থাকে।

হাম নির্মূল ও রুবেলা নিয়ন্ত্রণ কার্যক্রমের অংশ হিসেবে বাংলাদেশ সরকার ৯ মাস থেকে ১০ বছরের নিচের সকল শিশুকে ১ ডোজ এমআর টিকা প্রদানের উদ্দেশ্যে আগামী ০৫ ডিসেম্বর ২০২০ থেকে ১৪ জানুয়ারি ২০২১ খ্রিস্টাব্দ (১৯ অগ্রহায়ণ ১৪২৭ বঙ্গাব্দ থেকে ৩০ পৌষ ১৪২৭ বঙ্গাব্দ) ৬ সপ্তাহব্যাপী “হাম- রুবেলা টিকাদান ক্যাম্পেইন- ২০২০” পরিচালনা করার সিদ্ধান্ত গ্রহণ করেছে। উক্ত ক্যাম্পেইন চলাকালে সারাদেশে ৯ মাস থেকে ১০ বছরের নিচের প্রায় ৩ কোটি ৪০ লক্ষ শিশুকে ১ ডোজ এমআর টিকা প্রদান করা হবে। উল্লেখ্য যে, চলমান কোভিড-১৯ বৈশ্বিক মহামারি বিবেচনা করে দেশে বিদ্যমান শারীরিক দুরত্ব বজায়, মাস্ক পরিধান, হাঁচি-কাশির শিষ্টাচার পালন ও সঠিক পদ্ধতিতে হাত ধোয়া ইত্যাদি স্বাস্থ্য সুরক্ষামূলক নিয়মাবলীর যথাযথ প্রতিপালন সাপেক্ষে ক্যাম্পেইনটি পরিচালিত হবে।

আসন্ন “হাম-রুবেলা টিকাদান ক্যাম্পেইন-২০২০” সফলভাবে বাস্তবায়নের জন্য বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ের স্থানীয় সরকারের নির্বাচিত প্রতিনিধিগণ নিজ নিজ এলাকায় অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারেন। বিশেষ করে সিটি করপোরেশন ও পৌরসভাসমূহে ক্যাম্পেইন সংক্রান্ত প্রচারণায় সহযোগিতা প্রদান, টিকাদান কেন্দ্রসমূহের তদারকি ও নিরাপত্তা বিধানে সহায়তা, এলাকার জনসাধারণকে টিকা গ্রহণে উদ্বুদ্ধকরণ প্রভৃতি কাজে সংশ্লিষ্ট এলাকার নির্বাচিত প্রতিনিধিগণের অংশগ্রহণ নিশ্চিত করা একান্ত প্রয়োজন।

অতএব, আসন্ন “জাতীয় হাম- রুবেলা (এমআর) টিকাদান ক্যাম্পেইন- ২০২০” সার্বিকভাবে সফল করতে আপনার অধীন সকল কর্মকর্তাকে জাতীয় গুরুত্বপূর্ণ এই কার্যক্রমে সর্বাত্মকভাবে সহযোগিতা নিশ্চিত করার লক্ষ্যে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য আন্তরিকভাবে অনুরোধ করছি।



মো. আবদুল মান্নান

মো. আবদুল মান্নান


জনাব হেলালুদ্দীন আহমদ

সিনিয়র সচিব

স্থানীয় সরকার বিভাগ

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।



ডায়েরি নং... ১৪৪৭
তারিখ... ২২/১১/২০
প্রশাসনিক কর্মকর্তা (প্রশাসন-১)
উপসচিব (প্রশাসন-১)